

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫২৬
মোহনপুর, ৩ নভেম্বর, ২০২৩

মোহনপুরে শেল্টার হাউসের উদ্বোধন

জনগণের কল্যাণে সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করছে : কৃষিমন্ত্রী

রাজ্যের জনগণের কল্যাণে সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করছে। সরকারের লক্ষ্য প্রতিটি বাড়িতে রোজগারের ব্যবস্থা করা। এই লক্ষ্যে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের সুযোগ প্রাপ্তিক এলাকার জনগণের কাছে পৌঁছে দেওয়া হচ্ছে। আজ মোহনপুর ব্লক কমপ্লেক্সে মোহনপুর পুর পরিষদের নবনির্মিত শেল্টার হাউসের উদ্বোধন করে কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী বলেন, আত্মনির্ভর ত্রিপুরা গড়ে তুলতে সরকার উদ্যোগ নিয়েছে।

অনুষ্ঠানে কৃষিমন্ত্রী রতনলাল নাথ আরও বলেন, রাজ্য সরকার পরিকল্পনা নিয়ে বিভিন্ন মহকুমায় এধরনের শেল্টার হাউস নির্মাণ করছে। ইতিমধ্যেই মোহনপুর সহ ৮টি শেল্টার হাউস নির্মাণ করা হয়েছে। স্বনির্ভর দল বা এনজিওগুলি এই শেল্টার হাউসগুলি পরিচালনা করে রোজগার ও কর্মসংস্থানের সুযোগ তৈরী করতে পারবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোহনপুর পুর পরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ, ভাইস চেয়ারপার্সন শঙ্কর দেব, মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রীনা দেববর্মা, ভাইস চেয়ারম্যান রাকেশ দেব, নগর উন্নয়ন দপ্তরের আধিকারিক রজতকান্তি দে, সমাজসেবী শ্যামল দেবনাথ প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত। উল্লেখ্য, ৫০ শয্যাবিশিষ্ট এই শেল্টার হাউস নির্মাণে ব্যয় হয়েছে ১ কোটি ৬৭ লক্ষ ৪২ হাজার টাকা।
